

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৪০-আইন/২০০৭/২১৩৯/শুল্ক।— The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, উক্ত Act এর Third Schedule এর Item 17 এর স�িত পর্যবেক্ষিত এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমাদানি) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার -

(১) তফসিল ১ এর -

- (ক) “ক অংশ” এর ক্রমিক ১২(খ) এর এন্ট্রি “উপরের (ক) তে উল্লিখিত পরিমাণের বেশী থাকিলে উহার বিবরণ” এর পর “(এফ এম জে ফরমে ঘোষণা করিতে হইবে)” বন্ধনী ও শব্দগুলি সংযোজিত হইবে;
- (খ) “খ অংশ” এর “শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা” এর দফা (ঘ) এর ক্রমিক নং (২) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(২) Plasma, LCD, TFT ও অনুরূপ প্রযুক্তির টেলিভিশন :

(ক) ২১” পর্যন্ত ১৫,০০০/- (পনের হাজার) টাকা, (খ) ২২”-২৯” পর্যন্ত ২০,০০০/- (বিশ হাজার) টাকা, (গ) ৩০”-৪২” পর্যন্ত ৩৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং (ঘ) ৪৩” থেকে তদৃঢ় সাইজ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা”;

- (২) তফসি ৩ এর “শুল্ক ও করা আরোপযোগ্য পণ্যের তালিকা” এর ক্রমিক নং ২ এর বিপরীতে কলাম [১] ও [২] এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“২। Plasma, LCD, TFT ও অনুরূপ

প্রযুক্তির টেলিভিশন

(ক) ২১” পর্যন্ত	১৫,০০০/- (পনের হাজার) টাকা
(খ) ২২”-২৯” পর্যন্ত	২০,০০০/- (বিশ হাজার) টাকা
(গ) ৩০”-৪২” পর্যন্ত	৩৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা
(ঘ) ৪৩” থেকে তদৃঢ় সাইজ	৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা”

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ মাহমুদুল হাসান)  
দ্বিতীয় সচিব (শুল্ক)।